

🗏 আন-নাযি'আত | An-Nazi'at | ٱلنَّازِعَات

আয়াতঃ ৭৯: ৪৪

💵 আরবি মূল আয়াত:



🗚 অনুবাদসমূহ:

এর প্রকৃত জ্ঞা**ন তোমার রবের কাছেই।** — আল-বায়ান

এ সংক্রান্ত জ্ঞান তোমার প্রতিপালক পর্যন্তই শেষ। — তাইসিকল

এর উত্তম জ্ঞান আছে তোমার রবেরই নিকট। — মুজিবুর রহমান

To your Lord is its finality. — Sahih International

88. এর পরম জ্ঞান আপনার রবেরই কাছে(১);

(১) এ সম্পর্কে অন্য আয়াতে বলা হয়েছে, "তারা আপনাকে জিজ্ঞাসা করে কিয়ামত কখন ঘটবে। বলুন, "এ বিষয়ের জ্ঞান শুধু আমার প্রতিপালকেরই আছে। শুধু তিনিই যথাসময়ে উহার প্রকাশ ঘটাবেন; ওটা আকাশমন্ডলী ও যমীনে একটি ভয়ংকর ঘটনা হবে। হঠাৎ করেই উহা তোমাদের উপর আসবে।' আপনি এ বিষয়ে সবিশেষ জ্ঞাত মনে করে তারা আপনাকে প্রশ্ন করে। বলুন, "এ বিষয়ের জ্ঞান শুধু আল্লাহরই আছে, কিন্তু অধিকাংশ লোক জানে না। [সূরা আল-আরাফ: ১৮৭] এখানে ঠিক এটাকে বলা হয়েছে যে, এর পরম জ্ঞান রয়েছে আপনার রবের কাছেই। হাদীসে জিবরীল নামক প্রসিদ্ধ হাদীসেও জিবরাঈলের প্রশ্নের উত্তরে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম একই উত্তর দিয়ে বলেছিলেন, "যাকে প্রশ্ন করা হয়েছে সে প্রশ্নকারীর চেয়ে বেশী জানে না"। [বুখারী: ৫০]

তাফসীরে জাকারিয়া

88। এর চূড়ান্ত জ্ঞান আছে তোমার প্রতিপালকের নিকটেই।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=5756

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন